

# বেশ কয়েক ধাপে হয়েছে দক্ষতা যাচাই

আহমেদুর রহমান

ট্রেইনি সেলস এক্সিকিউটিভ, ট্রান্সকম বেভারেজ লিমিটেড (পেপসিকো)

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি থেকে বিবিএ (মার্কেটিং) শেষ করেই আমি বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে শুরু করি। ট্রান্সকম বেভারেজ লিমিটেডের (পেপসিকো) যেহেতু দেশে বেশ সুনাম আছে, তাই খুব আগ্রহ নিয়ে এই প্রতিষ্ঠানে আবেদন করেছিলাম। এর আগে থেকেই নিজেকে প্রস্তুত করার জন্য নানাভাবে চেষ্টা করেছি। দুর্বলতাগুলো কাটিয়ে উঠতে চেয়েছি। আমার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের পরামর্শে প্রতিদিন পত্রিকা পড়ার অভ্যাস করেছি, সাধারণ জ্ঞান বাড়ানোর দিকে মনোযোগ দিয়েছি। আমাদের নিয়োগের সময় পাঁচটি ধাপে নানা পরীক্ষার মুখোমুখি হতে হয়েছে। লিখিত পরীক্ষা, সাক্ষাৎকার, বিজনেস কেস সলভ, প্রেজেন্টেশন দেওয়া—এমন অনেক ধাপে দক্ষতা যাচাই করা হয়েছে। আমার যেহেতু প্রচুর বই পড়ার অভ্যাস আগে থেকেই ছিল, তাই এক রকম আত্মবিশ্বাসী ছিলাম। এ ছাড়া সাক্ষাৎকার দেওয়ার আগে প্রতিষ্ঠান সম্পর্কে ওয়েবসাইট ও লিংকডইন থেকে যতটুকু সম্ভব জেনে নিয়েছি। কীভাবে আমি বিভিন্ন সমস্যার সমাধান করি, কী কৌশলের

মাধ্যমে কাজটাকে আরও বেগবান করতে পারি—ইন্টারভিউতে এসব জিজ্ঞেস করা হয়েছিল। এ ছাড়া একজন নেতা বা ব্যবস্থাপক হিসেবে আমার যোগ্যতা আছে কি না, বা আমি শেখার জন্য তৈরি কি না, এসব প্রশ্নেরও মুখোমুখি হয়েছি।

